**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কমলনগর, লক্ষ্মীপুর
kamalnagar.lakshmipur.gov.bd

স্মারক নম্বর ০৫.৪২.৫১৩৩.০০১.১৩.০১৯.২৪-২২৬

তারিখ: ১০ চৈত্র ১৪৩০
২৪ মার্চ ২০২৪

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ গেজেটের ৬ মে, ২০১৫ তারিখের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের ২১ বৈশাখ ১৪২২ বঙ্গাব্দ/ ০৪ মে, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখের এস, আর ও নং- ৮৯ আইন/ ২০১৫ এবং বাংলাদেশ গেজেটের ১৩ জুলাই, ২০১৬ তারিখের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত এস, আর ও নং- ২২৭ আইন/ ২০১৬ এর আদেশবলে লক্ষ্মীপুর জেলাধীন কমলনগর উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশের (দফাদার ও মহল্লাদার) শূন্যপদে জনবল নিয়োগের জন্য স্ব স্ব ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের (পুরুষ/ মহিলা) নিকট হতে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র. নং | ইউনিয়নের নাম | শূন্য পদের সংখ্যা | | | পদের বিপরীতে মাসিক বেতন | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|
| | | পদের নাম | | ওয়ার্ড নম্বর | | |
| | | দফাদার | মহল্লাদার | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১. | ১নং চর কালকিনি | ১জন | ০৩ জন | ৪, ৮, ৯ | **দফাদার:** ৭,০০০/- (সাত হাজার) (সরকারি অংশের ৩,৫০০/- ও ইউনিয়ন পরিষদ অংশের ৩,৫০০/-)<br><br>**মহল্লাদার:** ৬,৫০০/- (ছয় হাজার পাঁচশত) (সরকারি অংশের ৩,২৫০/- ও ইউনিয়ন পরিষদ অংশের ৩,২৫০/-) | **দফাদার:** কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br><br>**মহল্লাদার:** অষ্টম শ্রেণি উত্তীর্ণ বা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০২. | ২নং সাহেবেরহাট | ১জন | ০৩ জন | ১, ৩, ৫ | | |
| ০৩. | ৩নং চর লরেঞ্চ | ১জন | -- | -- | | |
| ০৪. | ৪নং চর মার্টিন | ১জন | ০৩ জন | ১, ২, ৪ | | |
| ০৫. | ৫নং চর ফলকন | -- | ০২ জন | ২, ৭ | | |
| ০৬. | ৭নং হাজিরহাট | -- | ০৩ জন | ২, ৩, ৯ | | |
| ০৭. | ৮নং চর কাদিরা | -- | ০২ জন | ৩, ৪, ৮ | | |
| ০৮. | ৯নং তোরাবগঞ্জ | ১জন | ০২ জন | ২, ৬ | | |

**শর্তাবলীঃ**

১। মহল্লাদার পদের প্রার্থীকে স্ব স্ব ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।
২। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, বয়স, ভোটার আই.ডি. নম্বর, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে) ও বিশেষ কোটার প্রার্থী হলে তা উল্লেখসহ প্রার্থীকে উপজেলা নির্বাহী অফিসার, কমলনগর, লক্ষ্মীপুর বরাবরে স্বহস্তে আবেদন করতে হবে।
৩। প্রয়োজনীয় শারীরিক যোগ্যতা: পুরুষ প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি, বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২ ইঞ্চি সম্প্রসারণ; সর্বনিম্ন ওজন ৫০ কেজি ও সুঠাম দেহের অধিকারী হতে হবে এবং মহিলা প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট, সর্বনিম্ন বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ); সর্বনিম্ন ওজন ৪৫ কেজি এবং সুঠাম দেহের অধিকারী হতে হবে।
৪। আবেদনের সাথে সোনালী ব্যাংক লিমিটেড এর যে কোন শাখা হতে উপজেলা নির্বাহী অফিসার, কমলনগর, লক্ষ্মীপুর এর অনুকূলে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/ পে অর্ডার (অফেরৎযোগ্য) দাখিল করতে হবে।
৫। আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে:

(ক) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক নাগরিক সনদপত্র।
(খ) জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি।
(গ) পাসপোর্ট সাইজের ০৪(চার) কপি সত্যায়িত রঙ্গিন ছবি।
(ঘ) ১ম শ্রেণি গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(ঙ) সকল শিক্ষাগত যোগ্যতা/ অভিজ্ঞতার সত্যায়িত সনদপত্র।

চলমান পাতা-০২

৬। কোটার ক্ষেত্রে সরকার নির্ধারিত নীতিমালা অনুসরণ করা হবে।

৭। আবেদনের সাথে ১০.০০ (দশ) টাকার ডাকটিকেট লাগানো প্রার্থীর ঠিকানা সম্বলিত ৪.৫× ১০ সাইজের ১(এক)টি ফেরৎ খাম দিতে হবে।

৮। প্রার্থীর বয়স ৩১.০৩.২০২৪ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে ৩২ বছর শিথিলযোগ্য।

৯। প্রার্থীর আবেদনপত্র আগামী ২২.০৪.২০২৪ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে সংরক্ষিত বাক্সে অফিস চলাকালে সরাসরি অথবা ডাকযোগে জমা দিতে হবে।

১০। আবেদনপত্রের উপর কোন সুপারিশ গ্রহণযোগ্য নয়।

১১। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ঘষামাঝা ও বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল হিসেবে গণ্য হবে।

১২। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, ইউনিয়নের নাম এবং ওয়ার্ড নম্বর লিখতে হবে।

১৩। তথ্য গোপন করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষের নজরে আসা মাত্রই কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ আদেশ বাতিল করা হবে।

১৪। নিয়োগকারী কর্তৃপক্ষের যে কোন সিদ্ধান্ত/সংশোধন/পরিবর্তন/নিয়োগ স্থগিত ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৪/০৩/২০২৪

**(সুচিত্র রঞ্জন দাস)**
উপজেলা নির্বাহী অফিসার
কমলনগর, লক্ষ্মীপুর
ও
সভাপতি
ইউনিয়ন পরিষদ দফাদার ও মহল্লাদার নিয়োগ/বাছাই কমিটি
কমলনগর, লক্ষ্মীপুর
ফোন: +৮৮০২৪৪৩৮১০০১
ই-মেইল: unokamalnagar@mopa.gov.bd

স্মারক নম্বর ০৫.৪২.৫১৩৩.০০১.১৩.০১৯.২৪-২২৬ তারিখ : ১০ চৈত্র ১৪৩০ / ২৪ মার্চ ২০২৪

সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে

১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
৩। জেলা প্রশাসক, লক্ষ্মীপুর
৪। উপপরিচালক, স্থানীয় সরকার, লক্ষ্মীপুর
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কমলনগর, লক্ষ্মীপুর
৬। সহকারী কমিশনার (ভূমি), কমলনগর, লক্ষ্মীপুর
৭। উপজেলা ................................................ কর্মকর্তা, কমলনগর, লক্ষ্মীপুর।
৮। অফিসার ইনচার্জ, কমলনগর থানা, কমলনগর, লক্ষ্মীপুর
৯। সদস্য সচিব, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কমলনগর, লক্ষ্মীপুর
১০। চেয়ারম্যান, ................................ ইউনিয়ন পরিষদ, কমলনগর, লক্ষ্মীপুর
১১। সহকারী প্রোগ্রামার, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, কমলনগর, লক্ষ্মীপুর (ইউনিয়ন এবং উপজেলা তথ্য বাতায়নে আপলোডপূর্বক ব্যবস্থা গ্রহণের জন্য)
১২। সচিব, . . . . . . . . নং . . . . . . . . . . . . . . . . . ইউনিয়ন পরিষদ, কমলনগর, লক্ষ্মীপুর।

২৪/০৩/২০২৪

**(সুচিত্র রঞ্জন দাস)**
উপজেলা নির্বাহী অফিসার
কমলনগর, লক্ষ্মীপুর
ফোন: +৮৮০২৪৪৩৮১০০১
ই-মেইল: unokamalnagar@mopa.gov.bd